গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা- ১২১২।

নং ৫১.০১.০০০০.০১৩.৯৬.০২৪.২৩- ৪৭৪ তারিখ : ২৬-০৯-২০২৩ খ্রি.।

বিষয়: **২০২২-২০২৩ অর্থ বছরে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)" এর ১ম ও ২য় পর্যায়ের বাউন্স ব্যাংক বিল পরিশোধের নিমিত্ত মোবাইল নম্বরটি সংশ্লিষ্ট কোম্পানীর একাউন্টস যাচাইপূর্বক সচলকরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ অর্থ বছরে "অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)" এর ১ম ও ২য় পর্যায়ের উপকারভোগীর শ্রম মজুরি G2P পদ্ধতিতে iBas++ এর বিভিন্ন টোকেনের মাধ্যমে পরিশোধ করা হয়। বিভিন্ন টোকেনের মাধ্যমে ইজিপিপি কর্মসূচির ১ম ও ২য় পর্যায়ের পরিশোধিত বিলের বাউন্স ব্যাক তালিকা iBas++ থেকে সংগ্রহ করে ১ম পর্যায়ের তালিকা উপজেলাভিত্তিক প্রেরণ করা হয়েছে এবং সে মোতাবেক উপজেলা হতে বাউন্স ব্যাক বিল অত্র অধিদপ্তরে প্রেরণ করা হয়।

২। উক্ত বিলগুলো পরীক্ষা করে দেখা যায় অনেক উপজেলা হতে বাউন্স ব্যাক বিলে যে মোবাইল একান্টস নম্বরটি ছিল তা পরিবর্তন করা হয়েছে। এর ফলে বাউন্স ব্যাক বিল পরিশোধে জটিলতার সৃষ্টি হয়েছে। বিধায় iBas++ থেকে সংগ্রহকৃত ১ম ও ২য় পর্যায়ের বাউন্স ব্যাক তালিকায় বর্ণিত একাউন্টের মাধ্যমে বাউন্স ব্যাক বিলগুলো পরিশোধের উদ্দ্যোগ গ্রহণ করা হয়েছে। ফলে উপজেলা হতে প্রেরিত ১ম ও ২য় পর্যায়ের বাউন্স ব্যাক বিলের আর প্রয়োজন হবে না। শুধুমাত্র বাউন্স ব্যাক বিলে বর্ণিত মোবাইল নম্বরটি সংশ্লিষ্ট মোবাইল কোম্পানীর একাউন্ট খোলা হয়েছে কিনা বা খোলা না হলে তা খুলে একাউন্টসটি সচল রাখা প্রয়োজন। আগামী সপ্তাহের মধ্যে iBas++ থেকে সংগ্রহকৃত ১ম ও ২য় পর্যায়ের বাউন্স ব্যাক তালিকা মোতাবেক বিল পরিশোধ করা হবে। ২০২২-২০২৩ অর্থ বছরের iBas++ থেকে ১ম পর্যায়ের বাউন্স ব্যাক বিল প্রেরণ করা হয়েছে। এখন শুধুমাত্র ২য় পর্যায়ের বাউন্স ব্যাক বিলের তালিকা এতদসংগে প্রেরণ করা হলো।

৩। এমতাবস্থায়, ২০২২-২০২৩ অর্থ বছরের ইজিপিপি কর্মসূচির ১ম ও ২য় পর্যায়ের বিভিন্ন টোকেনের মাধ্যমে পরিশোধিত বিলের Ibas++ কর্তৃক সংগৃত বাউন্স ব্যাক তালিকায় বর্ণিত মোবাইল একাউন্টস নম্বরটি সংশ্লিষ্ট মোবাইল কোম্পানীর একাউন্টস খোলা ও সচল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**সংযুক্ত** : বর্ণনা মোতাবেক- Ibas++ বাউন্স ব্যাক তালিকা।

২৭.০৯.২০২৩

(মোহাম্মদ কামাল হোসেন)
উপপরিচালক (কাবিখা-৩)
ফোন: ৮৮০-২৪৮৮১০৯৯০
ই-মেইল: ffwegppreport@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
সংশ্লিষ্ট সকল ..................................
জেলা- ......................................।

**অনুলিপি:** সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:

১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৩। জেলা প্রশাসক,..........................................................................।
৪। উপপরিচালক (বাজেট/হিসাব) ও আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
৫। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা। (পত্রটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
৬। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ,.........................................................।
৭। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা:..........................জেলা:..........................।
৮। উপসহকারী প্রকৌশলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার কার্যালয়, উপজেলা:....................জেলা:....................।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী বা/এ, ঢাকা।
১০। অফিস কপি।